Sanatan Dharma

---




**শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারীর উপদেশে**

কামকে পাপ বলা মহা ভুল। যার অভাবে সৃষ্টি অচল হয়., তা কি করে পাপ হতে পারে। পাপ হলো মনের অজ্ঞানতারই একটি রূপ মাত্র। কামনার জগৎ থেকে তো কামকে পৃথক করে দেখা যায় না। ভগবানকে সম্পূর্ণ আপন করে পাবার জন্যে কত সাধক কত ত্যাগ, কত তিতিক্ষাই বরণ করে মহানন্দে। সেও কাম ছাড়া কিছু নয়। খণ্ড বস্তুর মধ্যে সুখানুভূতির জন্য যে ক্ষুদ্র চাওয়ার ভাব মানব হৃদয়ে ফুটে ওঠে, তারই আর এক রূপ বিরাটকে চাওয়া- বিরাটের মধ্যে আনন্দ খুঁজে পাওয়ার চেষ্টা।

শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারী বাবা।

************************************************************************************

দেহপাতের পর এ নশ্বর শরীরটা আগুনে ভস্মীভূত হবে। আমি কিন্তু অবিনশ্বর, আমার বিনাশ নেই। সে কখনও ফুরায় না, সেই আমি তোর কাছে, তোর মধ্যে সব সময় আছি। তুই একটু দেখার চেষ্টা করলেই দেখতে পাবি। অন্তর দিয়ে বোঝার চেষ্টা করলেই বুঝতে পারবি যে আমি আছি।....শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারী বাবা।

*****************************************************************

"ভক্তি আর বিশ্বাস নিয়ে আমাকে একটু আদর করে ডাকলেই দেখবি তোদের কত কাছটিতেই আছি। দেখিস ডাকলেই কৃপা পাবি। একথা মিথ্যা হবে না। সর্বভূতের অস্তিত্বে যে আমিই বিরাজ করছি। তোরা আত্মনিষ্ঠ হয়ে ভক্তিকে সঙ্গে নিয়ে এগিয়ে চল। তোদের বাধা দেবে কে? তোরা যে আমারই সন্তান। আমার সন্তানের উপর কারো শাসন চলবে না। আমি উপদেশ করছি না এ আমার আদেশের স্থল। তোরা আমায় ছাড়া নস, এই ভাবটি ভুলিস না। আমি নেই একথা কখনও মনে করবি না ।আমি তোদের মধ্যেই আছি, তোদের মধ্যেই থাকব। আমি নিত্য,আমি অবিনাশী ।আমি ছিলাম,আমি আছি,আমি থাকবো ।"

শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারী বাবা।

Published on: Mar, 15 2023 18:30

Published on: Mar, 15 2023 18:30